জনকল্যানে রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.ird.gov.bd**

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০২.১১.০৬

তারিখঃ ২৮ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ
১১ জানুয়ারী ২০১৭ খ্রিস্টাব্দ

# আদেশ

অভ্যন্তরাণ সম্পদ বিভাগের ৩১.১২.২০০১ তারিখের অম/অসবি-৪-৫৬/৮৮(স্ট্যাম্প)/৭৭০ নম্বর আদেশটি আংশিক সংশোধনপূর্বক বাংলাদেশের সকল ট্রেজারী এবং বাংলাদেশ ডাক বিভাগে (প্রধান কার্যালয়) রক্ষিত অচল ঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন স্ট্যাম্পসমূহ বিনষ্ট করার জন্য নিম্নোল্লিখিত কমিটি গঠন করা হলো:

(ক) বাংলাদেশের সকল ট্রেজারিতে রক্ষিত অচল ঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন স্ট্যাম্পসমূহ বিনষ্টকরণের ক্ষেত্রে:

| | |
|---|---|
| (১) সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক | আহবায়ক |
| (২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি/সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো | সদস্য |
| (৩) অর্থ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) বাংলাদেশ ডাক বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |

(খ) বাংলাদেশ ডাক বিভাগে রক্ষিত অচল ঘোষিত ও ব্যবহার অনুপযোগী স্ট্যাম্প বিনষ্টকরণের ক্ষেত্রে:

| | |
|---|---|
| (১) অতিরিক্ত মহাপরিচালক (সরবরাহ ও পরিদর্শণ) বাংলাদেশ ডাক অধিদপ্তর, ঢাকা। | আহবায়ক |
| (২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৩) অর্থ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাও এর একজন সদস্য। | সদস্য |

০২। এই সংগে ১০০ টাকা উর্ধ্ব মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্প অচল ঘোষিত হওয়ার পূর্বক্ষণে মুদ্রিত কিন্তু ডাক বিভাগ কর্তৃক সরবরাহ গ্রহণ না করার ফলে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ এ রক্ষিত ব্যবহার অনুপযোগী স্ট্যাম্প বিনষ্টকরণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| (১) মহাব্যবস্থাপক, এসপিসিবিএল, গাজীপুর | আহবায়ক |
| (২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৩) অর্থ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) বাংলাদেশ ডাক বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |

চলমান পাতা-০২

পূর্ব পৃষ্ঠার পর--

০৩। উক্ত কমিটিসমূহের কর্ম পরিধি নিম্নরূপ হবে:

(ক) উল্লিখিত কমিটিসমূহের সংশ্লিষ্ট আহবায়ক বর্ণিত বিষয়ে বিনষ্টকরণের জন্য নির্ধারিত স্ট্যাম্প সমূহের তালিকা প্রণয়ন করবেন এবং উহা বিনষ্টকরণের জন্য দিনক্ষণ নির্ধারনপূর্বক অনূন ১৫ দিন পূর্বে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ ও ডাক বিভাগকে অবহিত করবেন।

(খ) উল্লিখিত কমিটি প্রত্যয়ন করবেন যে তালিকা বহির্ভুত কোন স্ট্যাম্প বিনষ্টকরণ করা হয়নি এবং তালিকাভুক্ত কোন স্ট্যাম্প বিনষ্টকরণ হতে বাদ দেয়া হয়নি।

(গ) বিনষ্ট/ধ্বংসকৃত স্ট্যাম্পের তালিকার অনুলিপি অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ ও ডাক অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

11/01/2017

( মোঃ আব্দুল গফুর )
উপ সচিব
ফোন-০২ ৯৫৪ ০২৬১
ফ্যাক্স: ০২ ৯৫৭ ৬৫০১

পত্র সংখ্যা ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০২.১১.০৬/১(১৫০)

তারিখঃ ২৮ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ
১১ জানুয়ারী ২০১৭ খ্রিস্টাব্দ

**অনুলিপি: (সদয় অবগতি ও কার্যার্থে)**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, জি,পি,ও, ঢাকা।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। পরিচালক (স্ট্যাম্প), ডাক অধিদপ্তর, ঢাকা।
৮। মহাব্যবস্থাপক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।
৯। ট্রেজারী অফিসার (সকল)।
১০। অফিস কপি।

11/01/2017

( মোঃ আব্দুল গফুর )
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-৪

নং-অম /অসবি-৪/১৩/০৪(ষ্ট্যাম্প)/৮৮ তারিখঃ ২৩-৭-২০০৪

দেশের সকল ট্রেজারীতে রক্ষিত এবং ডাক বিভাগ হইতে ট্রেজারীতে প্রেরিত পুরাতন ও ব্যবহার নিষিদ্ধ বিড়ি ব্যান্ডরোল ধ্বংস করার নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা হইলঃ

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | আহবায়ক |
| (২) | উপ/সহকারী কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ | সদস্য |
| (৩) | অর্থ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) | ট্রেজারী অফিসার | সদস্য |

২। ব্যবহার নিষিদ্ধ বিড়ি ব্যান্ডরোল ধ্বংশকরন সংক্রান্ত "ছক" নিম্নরূপঃ

| ক্রমিক নং | ট্রেজারীর নাম | ধ্বংশকরণের তারিখ | যে সময়ের ব্যান্ডরোল ধ্বংশ করা হয়েছে | মোট মজুদ ধ্বংশাযোগ্য ব্যান্ডরোলের সংখ্যা(মিলিয়ন) পিস | ধ্বংশকৃত ব্যান্ডরোলের সংখ্যা | অবশিষ্ট ব্যান্ডরোল সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |

৩। উক্ত কমিটির কর্ম পরিধি নিম্নরুপ হইবেঃ

(ক) উল্লেখিত কমিটির সংশ্লিষ্ট আহবায়ক বর্ণিত বিষয়ে বিনষ্ট করণের জন্য নির্ধারিত বিড়ি ব্যান্ডরোলের তালিকা প্রণয়ন করিবেন এবং উহা বিনষ্ট করণের জন্য দিনক্ষণ নির্ধারন পূর্বক ন্যুনতম ১৫ দিন পূর্বে শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ ও অর্থ বিভাগকে অবহিত করিবেন।

(খ) উল্লেখিত কমিটি প্রত্যয়ন করিবেন যে তালিকা বহির্ভূত কোন বিড়ি ব্যান্ডরোল বিনষ্টকরণ করা হয় নাই এবং তালিকাভুক্ত কোন বিড়ি ব্যান্ডরোল বিনষ্টকরণ হইতে বাদ দেওয়া হয় নাই।

(গ) বিনষ্ট/ধ্বংসকৃত বিড়ি ব্যান্ডরোল তালিকার অনুলিপি শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ ও অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করিবেন।

(ঘ) বিড়ি ব্যান্ডরোল ধ্বংশ কার্যক্রম বিষয়ে বর্ণিত "ছক" অনুযায়ী প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড , শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ, ডাক বিভাগ ও অর্থ বিভাগে প্রেরন করিতে হইবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

(এম লুৎফে কামাল)
উপ-সচিব

নং-অম/অসবি-৪-১৭/০৪(ষ্ট্যাম্প)/৮৮/২(২৬) তারিখঃ ২৩-৭-২০০৪।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/সচিব, সংস্থাপন মন্ত্রণালয়/সচিব, অর্থ বিভাগ/সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সদস্য(বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার(সকল)--------------------------------।
৪। মহা-পরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক(সকল)---------------------------------------।
৬। পরিচালক(ষ্ট্যাম্প), ডাক মহা পরিদপ্তর, জিপিও ভবন, ঢাকা।
৭। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট(সকল)---------------।

২৩-০৭-০৪

(মোঃ মোরশেদ আলাম)
সহকারী সচিব
ফোন-৯৫৫৭৫২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থমন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-৪

নং-অম/অসবি-৪-৫৬/৮৮(ষ্ট্যাম্প)/ ৪৪/১(১২৭) তারিখঃ ০৬-০৩-২০০২ইং/২২-১১-১৪০৮ বাংলা।

**বিষয় ঃ অচল ঘোষিত ও ব্যবহার অনুপযোগী নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প বিনষ্টকরন প্রসংগে।**

সূত্র ঃ নং-অম/অসবি-৩-৫৬/৮৮(ষ্ট্যাম্প)/৭৭০ তারিখঃ ৩১-১২-২০০২ইং/১৭-০৯-১৪০৮ বাংলা।

উপরোক্ত সূত্রস্থিত পদের বিষয়ে ইহা পরিলক্ষিত হইয়াছে যে বিভিন্ন জেলা ট্রেজারী কর্তৃক বিনষ্টকরন তালিকায় বিনষ্টকরনের জন্য সরকার কর্তৃক অচল ঘোষিত হয় নাই কেবলমাত্র স্থানীয়ভাবে চাহিদাবিহীন কিন্তু অন্য জেলায় চাহিদা রহিয়াছে এই ধরনের ষ্ট্যাম্পও অন্তর্ভুক্ত করা হইতেছে।

২। এই ধরনের বিভ্রান্তি দূরীকরনের লক্ষ্যে ইহা স্পষ্টীকরণ করা যাইতেছে যে অত্র বিভাগের সূত্রস্থিত অফিস আদেশের অধীন বিনষ্টকরণের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরন করিতে হইবে ঃ-

(ক) অচল ঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদা বিহীন বলিতে সারা দেশের জন্য ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন কেবলমাত্র সরকার কর্তৃক অচল ঘোষিত ষ্ট্যাম্প বোঝাইবে এবং অত্র বিভাগের পূর্ব অনুমোদন ব্যতিরেকে বর্তমানে অচল ঘোষিত ১০০/-টাকার উর্দ্ধমূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প বিনষ্ট করা যাইবে।

(খ) কর্তৃপক্ষ কর্তৃক অচল ঘোষিত নয় অথচ কোনভাবে ক্ষতিগ্রস্থ হইয়া ব্যবহারের অনুপযোগী হইয়া পড়িয়াছে এইরুপ ষ্ট্যাম্পের ক্ষেত্রে কোন ষ্ট্যাম্প কত পরিমান কি কারনে কিরুপ ক্ষতিগ্রস্থ হইয়াছে তাহার বর্ননা লিখিত পত্রের মাধ্যমে ধ্বংস করণের জন্য পৃথকভাবে অত্র বিভাগের অনুমতি গ্রহন করিতে হইবে।

(গ) অচল ঘোষিত হয় নাই অথচ স্থানীয়ভাবে চাহিদা নাই এইরুপ মওজুদ ষ্ট্যাম্প প্রত্যাহার পূর্বক যেই স্থানে চাহিদা আছে সেইখানে প্রেরনের জন্য ডাক বিভাগকে লিখিতে হইবে এবং ডাক বিভাগ যথা সম্ভব দ্রুত এই সব ক্ষেত্রে স্থানীয়ভাবে চাহিদা বিহীন ষ্ট্যাম্প স্থানান্তরের ব্যবস্থা গ্রহন করিবে।

(ঘ) জেলা ট্রেজারীর ক্ষেত্রে কমিটির আহবায়ক হিসাবে জেলা প্রশাসক বিনষ্টকরনের জন্য যে তালিকা প্রনয়ন করিবেন/করাইবেন উহা অবশ্যই বিনষ্টকরনের পূর্বে কমিটির পূর্নাঙ্গ বৈঠকে অনুমোদন করাইয়া লইতে হইবে।

(ঙ) একই প্রসংগে পূর্বে অন্য কোনরুপ নির্দেশ জারী করা হইয়া থাকিলে তাহা যতটুকু যেইরুপ অত্র আদেশের জন্য গবমিল পরিলক্ষিত হইবে তাহা ততটুকু অকার্যকর গণ্য করিতে হইবে।

০৬/৩/০২

( এ,এইচ,এম,রেজাউল কবির )
উপ-সচিব

বিতরণ ঃ-

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/সংস্থাপন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সদস্য(বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা।
৩। নিয়ন্ত্রক, মুদ্রণ, লেখসামগ্রী, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার(সকল) ------------ ।
৫। মহা পরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা।
৬। জেলা প্রশাসক(সকল), --------------- ।
৭। পরিচালক(ষ্ট্যাম্প), বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা।
৮। মহা ব্যবস্থাপক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।
৯। ট্রেজারী অফিসার(সকল)-----------------------

৬/৩/০২

( রামহরি তরফদার )
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থমন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

শাখা-৪

## অফিস আদেশ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৭.০২.৮৯ ইং তারিখের অম/অসবি-১-৫৬/৮৮(ষ্ট্যাম্প)/৫৫ নম্বর আদেশটি আংশিক সংশোধন পূর্বক ট্রেজারী সমূহ এবং বাংলাদেশ ডাক বিভাগ (প্রধান কার্যালয়ে) রক্ষিত অচল ঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন ষ্ট্যাম্পসমূহ বিনষ্ট করিবার জন্য নিম্নোল্লেখিত কমিটি গঠন করা হইলঃ

(ক) বাংলাদেশের বিভিন্ন ট্রেজারীতে রক্ষিত অচল ঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন ষ্ট্যাম্প সমূহ নষ্টকরণের ক্ষেত্রে :-

| | | |
|---|---|---|
| (১) | সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক | আহবায়ক |
| (২) | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৩) | অর্থ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) | বাংলাদেশ ডাক বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |

(খ) বাংলাদেশ ডাক বিভাগে রক্ষিত অচল ঘোষিত ও ব্যবহার অনুপযোগী ষ্ট্যাম্প বিনষ্টকরণের ক্ষেত্রে :

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত মহা-পরিচালক (সরবরাহ ও পরিদর্শন), বাংলাদেশ ডাক বিভাগ | আহবায়ক |
| (২) | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৩) | অর্থ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) | বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও এর একজন প্রতিনিধি | সদস্য |

২। একই সঙ্গে ১০০ টাকার উর্দ্ধ মূল্যমানের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প অচল ঘোষিত হওয়ার পূর্বক্ষণে মুদ্রিত কিন্তু ডাক বিভাগ কর্তৃক সরবরাহ গ্রহণ না করার ফলে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ এ রক্ষিত ব্যবহার অনুপযোগী ষ্ট্যাম্প বিনষ্টকরণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হইল :

| | | |
|---|---|---|
| (১) | মহা ব্যবস্থাপক, এসপিসিবিএল, গাজীপুর | আহবায়ক |
| (২) | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৩) | অর্থ বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) | বাংলাদেশ ডাক বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |

৩। উক্ত কমিটিসমূহের কর্ম পরিধি নিম্নরূপ হইবে :

(ক) উল্লিখিত কমিটি সমূহের সংশ্লিষ্ট আহ্বায়ক বর্ণিত বিষয়ে বিনষ্ট করণের জন্য নির্ধারিত ষ্ট্যাম্প সমূহের তালিকা প্রণয়ন করিবেন এবং উহা বিনষ্ট করণের জন্য দিনক্ষণ নির্ধারণ পূর্বক অন্যূন ১৫ দিন পূর্বে অত্র বিভাগ, অর্থ বিভাগ ও ডাক বিভাগকে অবহিত করিবেন।

(খ) উল্লিখিত কমিটি প্রত্যয়ন করিবেন যে তালিকা বহির্ভূত কোন ষ্ট্যাম্প বিনষ্টকরণ করা হয় নাই এবং তালিকাভুক্ত কোন ষ্ট্যাম্প বিনষ্টকরণ হইতে বাদ দেওয়া হয় নাই।

(গ) বিনষ্ট/ধ্বংসকৃত ষ্ট্যাম্পের তালিকার অনুলিপি অত্র বিভাগ, ডাক বিভাগ ও অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করিবেন।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

( এ.এইচ.এম. গোলাউস কবির )
উপ-সচিব

নং অম/অসবি-৪-৫৬/৮৮(ষ্ট্যাম্প)/৭৭০ তারিখঃ ৩১-১২-২০০১ ইং/ ১৭-০৯-১৪০৮ বাং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/সচিব, সংস্থাপন মন্ত্রণালয়/সচিব, অর্থ বিভাগ/সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/ সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সদস্য(বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)------------------------------
৪। মহা-পরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)------------------------------
৬। পরিচালক (ষ্ট্যাম্প), ডাক মহা পরিদপ্তর, জিপিও ভবন, ঢাকা।
৭। মহা-ব্যবস্থাপক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।
৮। ট্রেজারী অফিসার (সকল)